রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৬, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/০৪ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১১৬-আইন/২০২৫/২৮৫-মূসক**।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা (Heading No) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ উল্লিখিত পণ্যসমূহের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

**টেবিল**

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৫.১৭ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | Dolomite |
| | | Lime Stone |
| ২৮.৩৩ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | Sodium Sulphate Anhydrous |
| ৩২.০৮ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | Base Paint |
| | | Top Paint Back Paint |
| ৩৯.২৬ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | Silicon Ring |



**মূল্য :** টাকা ৪.০০

**শর্তাবলি:**

(ক) এই অব্যাহতি সুবিধা শুধু স্থানীয় গ্লাস উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে ;

(খ) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প হইতে হইবে ;

**ব্যাখ্যা।—**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে ;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র পেশ করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান ;

(গ) স্থানীয় গ্লাস উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শুল্কায়নের সময় উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে এবং উপরোক্ত টেবিলে উল্লিখিত পণ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম মূসক-৪.৩ এ উপকরণ হিসেবে উল্লেখ থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ

সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd